# হাদীস সম্ভার

## হাদিস নাম্বারঃ ৩০৩২

২৭/ আদব

পরিচ্ছেদঃ উলামা, বয়স্ক ও সম্মানী ব্যক্তিদের শ্রদ্ধা করা, তাঁদেরকে অন্যান্যদের উপর প্রাধান্য দেওয়া, তাঁদের উচ্চ আসন দেওয়া এবং তাঁদের মর্যাদা প্রকাশ করার বিবরণ

আরবী

وَعَنْ أَبِيْ يَحيَى وَقِيلَ : أَبِيْ مُحَمَّدٍ سَهل بن أَبِيْ حَثْمَةَ الأنصَارِي قَالَ : انطَلَقَ عَبدُ اللهِ ابنُ سهْلٍ وَمُحَيِّصَةُ بنُ مَسْعُودٍ إِلَى خَيْبَرَ وَهِيَ يَومَئذٍ صُلْحٌ فَتفَرَّقَا فَأتَى مُحَيِّصَةُ إِلَى عبدِ اللهِ بن سَهلٍ وَهُوَ يَتشَحَّطُ في دَمِهِ قَتِيلاً فَدَفَنَهُ ثُمَّ قدمَ المَدِينَةَ فَانْطَلَقَ عَبدُ الرَّحمَانِ بنُ سَهلٍ وَمُحَيِّصَةُ وحُوَيِّصَةُ ابْنَا مَسْعُودٍ إِلَى النَّبيِّ ﷺ فَذَهَبَ عَبدُ الرَّحمَانِ يَتكَلَّمُ فَقَالَ كَبِّرْ كَبِّرْ وَهُوَ أَحْدَثُ القَوم فَسَكَتَ فَتَكَلَّمَا فَقَالَ أَتحْلِفُونَ وتَسْتَحِقُّونَ قَاتِلَكُمْ ؟ وذكر تمام الحديث مُتَّفَقٌ عَلَيهِ

বাংলা

(৩০৩২) আবূ ইয়াহয়্যা মতান্তরে আবূ মুহাম্মাদ সাহল ইবনে আবূ হাসমা আনসারী (রাঃ) কর্তৃক বর্ণিত, তিনি বলেন, আব্দুল্লাহ ইবনে সাহল এবং মুহাইয়িস্বাহ ইবনে মাসঊদ (রাঃ) খায়বার রওয়ানা হলেন। সে সময় (সেখানকার ইয়াহুদী এবং মুসলিমের মধ্যে) সন্ধি ছিল। (খায়বার পৌঁছে স্ব স্ব প্রয়োজনে) তাঁরা পরস্পর পৃথক হয়ে গেলেন। অতঃপর মুহাইয়িস্বাহ আব্দুল্লাহ ইবনে সাহলের নিকট এলেন, যখন তিনি আহত হয়ে রক্তাক্ত দেহে তড়পাচ্ছিলেন। সুতরাং মুহাইয়িস্বাহ তাঁকে (তাঁর মৃত্যুর পর) সেখানেই সমাধিস্থ করলেন। তারপর তিনি মদীনা এলেন।

(মৃত্যু সংবাদ পেয়ে মৃতের ভাই) আব্দুর রহমান ইবনে সাহল এবং মাসঊদের দুই ছেলে মুহাইয়িস্বাহ ও হুওয়াইয়িস্বাহ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট গেলেন। আব্দুর রহমান কথা বলতে গেলেন। তা দেখে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, বয়োজ্যে’কে কথা বলতে দাও, বয়োজ্যেষ্ঠকে কথা বলতে দাও। আর ওঁদের মধ্যে আব্দুর রহমান বয়সে ছোট ছিলেন। ফলে তিনি চুপ হয়ে গেলেন এবং তাঁরা দু’জন কথা বললেন। (সব ঘটনা শোনার পর) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমরা কি কসম খাচ্ছ এবং (নিজ ভাইয়ের) হত্যাকারী থেকে অধিকার চাচ্ছ? অতঃপর তিনি সম্পূর্ণ হাদীস বর্ণনা করলেন।

## ফুটনোট

(বুখারী ৭১৯২, মুসলিম ৪৪৩৫, ৪৪৪১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=66780

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন